বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
জেনারেল ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ইমেইলঃ dgmlad1@krishibank.org.bd

প্রকা/জেঃক্রঃবিঃ(শাখা-১)/১/১৪/২০২৩-২৪/ ১৩৮৭(১২৫০) তারিখঃ ১৮/০১/২০২৪ইং

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের (বর্তমানে জেনারেল ক্রেডিট বিভাগ) ১২/১১/২০২৩ তারিখের পত্র নং প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/রুমাবি-৩৫৫/২০২৩-২৪/১০৯৯(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত পত্রে ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু ওয়েব ডাটাবেজ পর্যালোচনায় দেখা যায় ১৭.০১.২০২৪ইং তারিখ পর্যন্ত মোট ৩৯১৫৯টি ঋণ কেসের মধ্যে ১৯১২৫টি ঋণ কেস আপলোড করা হয়েছে যা মোট ঋণ কেসের ৪৮.৮৪%, যা সন্তোষজনক নয়। বিগত ৩১-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের ৫ম সভার সিদ্ধান্ত মোতাবেক ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইসসমূহের তথ্য আবশ্যিকভাবে জানুয়ারী/২০২৪ এর মধ্যে আপলোড সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়।

০৩। এমতাবস্থায়, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এবং বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য আপলোড করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

১৮/০১/২০২৪
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাকেরঅফিসিয়াল ওয়েব সাইটে আপলোডলোডের অনুরোধসহ।)
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

18/01/2024
(মহুয়া চন্দ)
সহকারী মহাব্যবস্থাপক